

স্মারক নম্বর: রীট পিটিশন ৩৬৬৯/১৫/২২৯/

তারিখ: জ্যেষ্ঠ, ১৪২৬
মে, ২০১৯ খ্রিঃ

বিষয়: মহামান্য আদালতের সর্বশেষ আদেশ/নির্দেশনা উপস্থাপন প্রসঙ্গে।

আপনি জনাব এস এম শফিক-ই-এলাহী, মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজে ভাষা শিক্ষক (বাংলা ও সমাজ বিজ্ঞান) পদে কর্মরত আছেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৮/০৪/২০১৫ খ্রিঃ তারিখ টিএসসি/ভোক/জঃবঃপ্রঃ/১৯২৮/২০১০/৩১৩(১১) স্মারকমূলে আপনাকে মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে পার্বতীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হয়।

- ২। উক্ত বদলীর আদেশে সংক্ষুব্ধ হয়ে আপনি মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন (রীট পিটিশন নং-৩৬৬৯/২০১৫) দায়ের করেন। মহামান্য আদালত উক্ত বদলীর আদেশটি ০৩(তিন) মাসের জন্য স্থগিতাদেশের নির্দেশনাসহ বুল নিশি জারী করেন।
- ৩। মহামান্য আদালতের অর্ন্তবর্তীকালীন আদেশ মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তর ১৮/০৮/২০১৫ খ্রিঃ তারিখে টিএসসি/ভোক/জঃবঃপ্রঃ/১৯২৮/২০১০/৬১৫(১২) স্মারকমূলে উক্ত বদলীর আদেশ স্থগিত করা হয়।
- ৪। নথি পর্যালোচনায় দেখা যায়, ১৭ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত কর্তৃক সর্বশেষ উক্ত বদলীর স্থগিত আদেশ ০৩(তিন) মাসের বর্ধিতকরণের আদেশ পাওয়া যায়। এরপর মহামান্য আদালতের আর কোন আদেশ এ কার্যালয়ে পাওয়া যায় নাই।
- ৫। এমতাবস্থায়, উক্ত বদলীর স্থগিত আদেশের বিষয়ে মহামান্য আদালতের সর্বশেষ আদেশ/নির্দেশনা আগামী ৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।


প্রাপক: জনাব এস এম শফিক-ই-এলাহী
ভাষা শিক্ষক (বাংলা ও সমাজ বিজ্ঞান)
মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরা।

স্মারক নম্বর: রীট পিটিশন ৩৬৬৯/১৫/২২৯/ ৩২৫(৪)

তারিখ: ০৯ জ্যেষ্ঠ, ১৪২৬
২১ মে, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) অধ্যক্ষ, মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরা।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সংরক্ষণ নথি।


(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।